বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক

দিলকুশা শাখা, মতিঝিল, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারার সনদপত্র মূলে অর্জিত

সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, শাখার ঋণগ্রহীতা প্রতিষ্ঠান, ১। **মেসার্স রিলায়েন্স শিপিং লাইনস,** প্রতিনিধিত্বে- ইহার স্বত্বাধিকারী, **জনাব আসিফ ইকবাল,** হোল্ডিং নং-৮৪, শান্তিনগর, (৪০/১/এ নয়াপল্টন- পুরাতন), ঢাকা-১০০০, ২। জনাব আসিফ ইকবাল, পিতা-আনোয়ার ইকবাল, স্বত্বাধিকারী-মেসার্স রিলায়েন্স শিপিং লাইনস, হোল্ডিং নং-৮৪, শান্তিনগর, (৪০/১/এ নয়াপল্টন-পুরাতন), ঢাকা-১০০০ এবং ৯, নবরতন কলোনী, ফ্ল্যাট নং-৮/সি, নতুন বেইলী রোড, ঢাকা- ১০০০ এবং প্লট নং-৬১, রোড নং-৫, সেক্টর নং-১৩, উত্তরা, ঢাকা এবং গ্রাম-সবুজপুর, থানা-কোতয়ালী, জেলা-কুমিল্লা- এদের বিরুদ্ধে বিজ্ঞ জজ ২য় অর্থঋণ আদালত, ঢাকাতে অর্থঋণ মোকদ্দমা নং-১৩৩৭/২০১৫ দায়ের পূর্বক ডিক্রি প্রাপ্ত হইয়া ডিক্রিকৃত টাকা আদায়ের জন্য অর্থজারী মোকদ্দমা নং-২৫৪/২০১৭, দাবী-৩৪,৩৬,৮০,১৮৭.৯২ (চৌত্রিশ কোটি ছত্রিশ লক্ষ আশি হাজার একশত সাতাশি দশমিক নয় দুই) টাকা এবং আদায়তক সুদ, (১৩/০৫/২০১৭ ইং তারিখ ভিত্তিক) এবং বর্তমান দাবী **৫৭,৬১,০২,১৫৩.৯০ (সাতান্ন কোটি একষট্টি লক্ষ দুই হাজার একশত তিপ্পান্ন দশমিক নয় শুন্য) টাকা** (৩১/১২/২০২২ ইং তারিখ ভিত্তিক) দায়ের করিলে বিজ্ঞ আদালত উক্ত দাবীকৃত টাকা সম্পূর্ণরূপে পরিশোধ না হওয়া পর্যন্ত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ভোগদখল এবং বিক্রয়ের ক্ষমতা শাখার অনুকূলে ন্যস্ত করিয়া বিগত ২৭/০৩/২০২২ ইং তারিখে অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারার বিধান মোতাবেক একটি সনদপত্র ইস্যু করিয়াছেন। উক্ত সনদপত্রের তফসিলে বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয় পূর্বক হালনাগাদ সুদ সহ উক্ত দাবীকৃত টাকা আদায়ের জন্য নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাধীনে নিলাম দরপত্র আহবান করা যাইতেছে।

শর্তাবলী

১। প্রত্যেক দরপত্র দাতা অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অঙ্কে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে।

২। দরপত্র আগামী **৩১-০১-২০২৩ ইং** তারিখ বেলা ০২.০০(দুই) ঘটিকার মধ্যে ব্যাংক শাখায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি অথবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে (রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাতে হবে)। ঐ দিন বেলা ২.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হইবে।

৩। প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে অর্ডার, বেসিক ব্যাংক লিমিটেড, দিলকুশা শাখা, মতিঝিল, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরপত্র দাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে শাখা কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।

৫। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং নিম্ন বর্ণিত তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র এবং কম জামানত প্রদানকারী কিংবা ক্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬। উপরে বর্ণিত (৩) ও (৪) এর অধীনে সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে শাখা কর্তৃপক্ষ ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৭। নিম্ন তফসিল বর্নিত সম্পত্তির রেজিষ্ট্রেশন করার নিমিত্ত্বে যাবতীয় খরচ, মিউটেশন খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ও ভূমিকর সহ যেকোন বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৮। নিলামে অংশ গ্রহন ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার শাখা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অস্থাবর সম্পত্তির তফসিল

(ক) বাল্ক কার্গো জাহাজ-এম.ভি, এন.এ-১, রেজিষ্ট্রেশন নং-এম ১২১৭৫, পরিবহন ক্ষমতাঃ ৩০৩.২০ টন, পেডেল/স্ক্রু-স্ক্রু, সাধারণ ইস্পাত/মালবাহী।

(খ) বাল্ক কার্গো জাহাজ- এম.ভি, মাষ্টার রাফসান, রেজিষ্ট্রেশন নং-এম ৭৬৫৯, পরিবহন ক্ষমতা-৪৯০ টন, দৈর্ঘ্য-৪৮.২১ মিটার, প্রস্থ-৯.৭৬ মিটার, গভীরতা-৭.৯৫ মিটার, ইঞ্জিন সংখ্যা-২টি, ৬ সিলিন্ডার (প্রতিটি), গতি-৮ নটিক্যাল মাইল ঘন্টায়, বি.এইচ.পি-(২৭৫x২) = ৫৫০, মেরিন ডিজেল ইঞ্জিন চায়না, প্রস্তুতকারকের নাম ও ঠিকানা-মেসার্স বিসমিল্লাহ ডক ইয়ার্ড, চর কালীগঞ্জ, কেরাণীগঞ্জ, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক ও শাখা প্রধান
বেসিক ব্যাংক লিমিটেড, দিলকুশা শাখা, ঢাকা।

সমকাল - ০৭-০১-২০২৩ ইং

জনকণ্ঠ - ০৭-০১-২০২৩ ইং